

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৯৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৪. তৃতীয় অনুচ্ছেদ - পবিত্রতা অর্জন ও সকাল সকাল মসজিদে গমন

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِيْ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَحْضُرُ الْجُمُعَةَ ثَلَاثَةُ نَفَرٍ: فَرَجُلٌ حَضَرَهَا بِلَغْوٍ فَذَلِكَ حَظُّهُ مِنْهَا. وَرَجُلٌ حَضَرَهَا بِدُعَاءٍ فَهُوَ رَجُلُ دَعَاهُ اللَّهُ إِنْ شَاءَ أَعْطَاهُ وَإِنْ شَاءَ مَنَعَهُ. وَرَجُلٌ حَضَرَهُ بِإِنْصَاتٍ وَسُكُوتٍ وَلَمْ يَتَخَطَّ رَقَبَةَ مُسْلِمٍ وَلَمْ يُؤْذِ أَحَدًا فَهِيَ كَفَّارَةٌ إِلَى الْجُمُعَةِ الَّتِي تَلِيهَا وَزِيادةٌ ثَلَاثَةُ أَيَّامٍ وَذَلِكَ بِأَنَّ اللَّهَ يَقُولُ: (مَنْ جَاءَ بِالْحَسَنَةِ فَلَهُ عَشْرُ أَمْثَالِهَا). .

রَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

১৩৯৬-[১৬] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তিনি প্রকারের লোক জুমু'আর সালাতে উপস্থিত হয়। এক প্রকার হলো, যারা বেছদা কথাবার্তায় লিঙ্গ হয়ে হাজির হয়। জুমু'আর দ্বারা তাদের এটাই হয় লাভ। দ্বিতীয় প্রকারের লোক হলো, আল্লাহর কাছে কিছু চাইতে চাইতে হাজির হয়। এরা এমন লোক, যারা আল্লাহর কাছে নিজেদের উদ্দেশ্য সাধন করতে চায়। আল্লাহ চাইলে তাদের তা দান করতে পারেন। আর ইচ্ছা না করলে নাও দিতে পারেন। তৃতীয় প্রকারের লোক হলো, শুধু জুমু'আর সালাতের উদ্দেশ্যে নিরবতার সাথে মসজিদে উপস্থিত হয়। সামনে যাবার জন্য কারো ঘাড় টপকায় না। কাউকে কোন কষ্ট দেয় না। এ ধরনের লোকদের এ জুমু'আহ্ থেকে পরবর্তী জুমু'আহ্ পর্যন্ত সময়ে (সগীরাহ্) গুনাহের কাফফারাহ্ হয়ে যায়। তাছাড়া আরো অতিরিক্ত তিনি দিনের কাফফারাহ্ হবে এজন্য যে, আল্লাহ তা'আলা বলেন, "যে ব্যক্তি কোন উত্তম কাজ করবে তার জন্য এর দশ গুণ প্রতিদান রয়েছে"- (সূরাহ্ আল আন্�‌আম ৬: ১৬০)। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান : আবু দাউদ ১১১৩, সুনানুল বাযহাকী আল কুবরা ৫৮৩১, শু'আবুল ঈমান ২৭৪২, সহীহ আত্ তারগীব ৭২৩, সহীহ আল জামি' ৮০৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: জুমু'আর দিনের উপস্থিতি তিন শ্রেণীরঃ

- (১) যে অনর্থক কথা বলবে এবং মানুষের গর্দান ফেঁড়ে সামনে অতিক্রম করার মাধ্যমে মানুষকে কষ্ট দিবে সে তথায় উপস্থিতির মধ্য হতে অনর্থক কথা বলা ও মানুষকে কষ্ট দেয়ারই অংশ পাবে।
- (২) মানুষকে কষ্ট না দিয়ে নিজ অংশ অনুসন্ধানকারী, তার ওপর বা তার জন্য আল্লাহর অনুগ্রহ ছাড়া কিছুই নেই। সুতরাং সে তার উদ্দেশ্য বা অংশ পেতে পারে।
- (৩) আল্লাহর সন্তুষ্টি অর্জনকারী আর তার জুমু'আই হবে দু' জুমু'আর মাঝের সাত দিনের গুনাহ মাফের কারণ এবং সাতের সাথে তিন দিন বৃদ্ধি করে ক্ষমা করা হবে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55956>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন